এডিপি অগ্রাধিকার
অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং- ২০.০৬.০০০০.৬১২.০০.১৬৩.২১/৮১

তারিখঃ ২৬ ফাল্গুন,১৪২৭ / ১১ মার্চ, ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র নীতিমালা ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত সূত্রের প্রেক্ষিতে ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র নীতিমালা পরিকল্পনা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র নীতিমালা।

২১/০৩/২১

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯২৩
E-mail : shimulsaha30@gmail.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট
পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সদস্য (কার্যক্রম) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

**এডিপি অগ্রাধিকার**
**অতি জরুরী**
**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.plandiv.gov.bd

নং-২০.০৬.০০০০.৬১২.০০.১৬৩.২১ - ৮০

তারিখঃ ২৬ ফাল্গুন,১৪২৭
১১ মার্চ, ২০২১

বিষয়ঃ **২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন নির্দেশিকা:**

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে মাথাপিছু আয় বৃদ্ধি করে দারিদ্র্য হার হ্রাসের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'২০-জুন'২৫) প্রণয়ন করা হয়েছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত ঘাত-প্রতিঘাত মোকাবেলা করে কাঙ্খিত উন্নয়ন অর্জনের জন্য ''বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০'' প্রণয়ন করা হয়েছে। বর্তমান সরকার কর্তৃক শহরের সুবিধা গ্রামে পৌঁছে দেয়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি'স) অন্তর্ভুক্ত করে উন্নয়ন নীতি-কৌশল ও লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে। এসব দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও মধ্যমেয়াদি কৌশল এবং লক্ষ্যমাত্রাসমূহের আলোকে গৃহীত অর্থনৈতিক খাতভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। উল্লেখিত বিভিন্ন মেয়াদী পরিকল্পনা, উন্নয়ন কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহের আলোকে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের কাজ শুরু করা হয়েছে।

২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রণয়নকালে সেক্টরওয়ারি বরাদ্দ বিভাজন, অনুমোদিত প্রকল্প, বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প, নিজস্ব অর্থায়নের প্রকল্প, সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ প্রকল্পের বরাদ্দ প্রস্তাব প্রেরণ ও অনুমোদনের ক্ষেত্রে এ নির্দেশিকায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

২.০ **এডিপি'র আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পওয়ারি বরাদ্দ বিভাজন এবং অনুমোদন প্রক্রিয়া:**

২.১ এডিপি প্রণয়ন নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল সংস্থা নিজ নিজ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তিযোগ্য বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্পের প্রস্তাব ADP/RADP Management System (AMS)-এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে মতামতসহ AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভার মাধ্যমে অননুমোদিত প্রকল্পের সংখ্যা নির্ধারণ করা হবে।

২.২ এডিপি প্রণয়ন নির্দেশিকা অনুযায়ী বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সকল সংস্থা প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরের প্রকল্পওয়ারী বরাদ্দের প্রাথমিক চাহিদা AMS-এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে আলোচনা, যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারি প্রাথমিক বরাদ্দ চাহিদা (১ম কলনোটিশে) AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ কর্তৃক সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত এডিপি বরাদ্দের প্রাথমিক চাহিদা অর্থ বিভাগকে অবহিত করা হবে।

২.৩ অর্থ বিভাগের বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি স্থিতিশীল সামষ্টিক অর্থনৈতিক অবস্থার ধারাবাহিকতা বজায় রেখে উচ্চতর হারে প্রবৃদ্ধি অর্জন, মূল্যস্ফিতি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ চাহিদা, স্থানীয় সম্পদ আহরণের গতিধারা, বৈদেশিক সাহায্য প্রাপ্তি ও এর ব্যবহারের সক্ষমতা এবং সর্বোপরি অগ্রাধিকার খাতসমূহের চাহিদা, ইত্যাদি বিবেচনায় নিয়ে এডিপি'র মোট আকার নির্ধারণ করে। এর পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ এডিপি'র উৎসওয়ারি অর্থায়ন (স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য) পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করবে। এছাড়া, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সেক্টর/সাব-সেক্টর ও প্রকল্পওয়ারি প্রকল্প সাহায্য, জাপান ঋণ মওকুফ তহবিল, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ বরাদ্দ নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগকে অবহিত করবে।

২.৪ কার্যক্রম বিভাগ কর্তৃক অর্থ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রাপ্ত এডিপি'র মোট আকার ও প্রকল্প সাহায্যের প্রস্তাব, সেক্টর বিভাগ হতে প্রাপ্ত চলমান/নতুন প্রকল্পসমূহের প্রাথমিক চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সেক্টরাল অগ্রাধিকার ও প্রকল্পের গুরুত্ব, ইত্যাদি বিবেচনা করতঃ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরওয়ারী এবং উন্নয়ন সহায়তা খাতসমূহে বরাদ্দ বিভাজন করে তা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করা হবে। পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরসমূহের বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাব পুনর্নির্ধারণ করে (২য় কলনোটিশ) এক কপি কার্যক্রম বিভাগে প্রেরণ করবে আর এক

কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে প্রদান করবে। মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পওয়ারী পুনর্নির্ধারিত চূড়ান্ত বরাদ্দ প্রস্তাব AMS-এ হালনাগাদপূর্বক পুনরায় সেক্টর-বিভাগের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে কার্যক্রম বিভাগ কর্তৃক সেক্টর বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাবসমূহ এবং মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত উন্নয়ন সহায়তা বরাদ্দ প্রস্তাব ও তথ্যাদি সংকলন করে খসড়া এডিপি প্রণয়ন করা হবে। উক্ত খসড়া এডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় পেশ করে সুপারিশ গ্রহণপূর্বক অনুমোদনের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় উপস্থাপন করা হবে।

৩.০ **এডিপি প্রণয়নে সাধারণ নির্দেশাবলি:**

৩.১ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প এবং ADP/RADP Management System AMS-এ অন্তর্ভুক্ত রয়েছে এমন প্রকল্প বরাদ্দসহ এডিপিতে অন্তর্ভুক্ত করা। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এবং প্রশাসনিক আদেশ জারী ব্যতিরেকে কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব না করা;

৩.২ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তি বিবেচনায় এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর সবিশেষ গুরুত্ব দেয়া। ২০২১-২২ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ চিহ্নিত করে তালিকা সন্নিবেশিত করা;

৩.৩ পরিকল্পনা শৃঙ্খলা ও বাজেট ব্যবস্থাপনার স্বার্থে ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিতে 'সমাপ্তির জন্য নির্ধারিত' তালিকাভুক্ত কোন প্রকল্প ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব না করা;

৩.৪ আগামী ৩০ জুন, ২০২১ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে এমন কোন প্রকল্প মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব না করা;

৩.৫ এডিপিতে অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.৬ স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ প্রস্তাব প্রেরণ করতে হবে যা বরাদ্দসহ এডিপিতে পৃথক তালিকায় অন্তর্ভুক্ত করা হবে;

৩.৭ এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প এবং বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পের দুটি তালিকা সংযুক্ত করা হবে;

৩.৮ এডিপি'তে পৃথক তালিকা হিসেবে সংযুক্তির জন্য অনুমোদিত/বাস্তবায়নাধীন সরকারি বেসরকারি অংশীদারিত্ব (PPP) প্রকল্পের একটি তালিকা প্রেরণ করতে হবে;

৩.৯ জাপান ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ) ডিআরজিএ ও ডিআরজিএসিএফ স্থানীয় উৎস (জিওবি) হিসেবে বিবেচিত হবে।

৪.০ **এডিপিতে প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান:**

২০২১-২২ অর্থ বছরের এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে সকল উদ্যোগী/বাস্তবায়নকরী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পভিত্তিক (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে এবং হার্ডকপি প্রচলিত পদ্ধতি অনুসরণ করে প্রেরণ করবেঃ

৪.১ শুধু অনুমোদিত প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে। অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারি হয়নি এমন নতুন অনুমোদিত প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করা যাবে না। নতুন অনুমোদিত প্রকল্পের অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশসহ বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৪.২ প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাব AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। শুধু AMS এ অন্তর্ভুক্ত অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রস্তাব করা যাবে। নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রস্তাব করতে হলে প্রথমতঃ প্রকল্পটির অনুমোদন সংক্রান্ত মৌলিক তথ্যাদি আবশ্যিকভাবে AMS ডাটা বেইজে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রকল্পটি AMS ডাটা বেইজে অন্তর্ভুক্তপূর্বক যথাযথ প্রক্রিয়ায় ভেলিডেট করা হলেই প্রকল্পটি অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে। এ ক্ষেত্রে কার্যক্রম বিভাগ হতে ০১/০৯/২০২০ তারিখে জারিকৃত ২০.০৬.০০০০.৬০৫.১৪.০০৪.২০/৮০ সংখ্যক পরিপত্র অনুসরণ করতে হবে;

৪.৩ AMS এ প্রতিটি প্রকল্পের মৌলিক তথ্যাদি যেমন প্রকল্পের শিরোনাম, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের ধরণ ও পরিমান, অনুমোদন অবস্থা, মেয়াদ, লোকেশন, অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনসহ অন্যান্য তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষিত রয়েছে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের সংশোধন অনুমোদন বা মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বা মেয়াদ হালনাগাদের প্রয়োজন হলে,

প্রাথমিকভাবে অনুমোদিত আরডিপিপি বা মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রশাসনিক আদেশ অনুসারে AMS-এ সংশোধিত তথ্যাদি অন্তর্ভুক্তপূর্বক হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুঃ ৪.২ অনুযায়ী)। সর্বশেষ অনুমোদিত/সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না;

৪.৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্পওয়ারি বরাদ্দ লক্ষ টাকায় প্রদর্শন করা হয় বিধায় হাজার টাকায় কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। AMS এ প্রকল্পওয়ারি বরাদ্দ প্রদানের সময় বরাদ্দের পাশাপাশি প্রকল্পের অগ্রাধিকার (উচ্চ, মধ্যম ও নিম্ন), প্রকল্পের অনুমোদন অবস্থা (সংশোধিত হলে 'সং', অননুমোদিত ক্ষেত্রে 'অননু'), প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত কিনা, প্রকল্পের শুরু থেকে জুন/২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় (জিওবি, ও প্রঃসাঃ)-এর তথ্যাদি অন্তর্ভুক্ত/চিহ্নিত করতে হবে;

৪.৫ প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত এডিপি বরাদ্দের পাশাপাশি পরবর্তী দুই অর্থ বছর অর্থাৎ ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রক্ষেপণ প্রদান করতে হবে;

৪.৩ জাতীয় গুরুত্বপূর্ণ, বৈদেশিক সাহায্যপুষ্ট, ২০২১-২২ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত এবং অধিক অগ্রগতি (Fast track) সম্পন্ন প্রকল্পে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

৪.৪ বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গিকারপ্রাপ্ত) প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য অর্থ বছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের লক্ষ্যে পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাব অগ্রাধিকার পাবে;

৪.৫ চলতি প্রকল্পসমূহের সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি/ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য যৌক্তিক ব্যয় বিবেচনায় ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রাপ্ত সম্পদের ভিত্তিতে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সাথে আলোচনাপূর্বক প্রকল্পওয়ারি বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৪.৬ এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে এডিপিতে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

৪.৭ চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণের পরই কেবল অপরিহার্য নতুন অনুমোদিত প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে। এছাড়া নতুন প্রকল্পের জন্য "নতুন প্রকল্পে বরাদ্দ (থোক)" খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;

৪.৮ সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) নির্ধারিত হার এবং আমদানী মূল্যের বৈদেশিক মুদ্রার বিনিময় হার (Exchange Rate) অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে;

৪.৯ এডিপি বরাদ্দের জিওবি বা টাকা অংশে (কলাম নং-১৩) নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে এ প্রস্তাব এডিপি ছকের 'অন্যান্য' কলামে (কলাম নং-১৮) প্রতিফলিত করতে হবে;

৪.১০ প্রকল্প সাহায্য, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে;

৪.১১ প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ), জেডিসিএফ, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে;

উপর্যুক্ত নির্দেশনার আলোকে এডিপি'র প্রধান কর্মসূচির আওতাভুক্ত বিনিয়োগ প্রকল্পে অর্থ বরাদ্দের প্রস্তাব সংযুক্ত ছক-'ক' অনুসারে এবং কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব ছক-'খ' অনুসারে জেডিসিএফ এবং ডিআরজিএ/ডিআরজিএসিএফ অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাব সংযুক্ত ছক-ক অনুসারে (প্রকল্প সাহায্য উৎসের ঘরে জেডিসিএফ অথবা ডিআরজিএসিএফ উল্লেখসহ) করতে হবে।

৫.০ **সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:**

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ এডিপিতে প্রতিফলন করতে হবে। সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনকে নির্ধারিত ছক-'গ' ব্যবহার করে প্রকল্পের এডিপি বরাদ্দ ও হালনাগাদ ব্যয় উল্লেখপূর্বক এডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।

## ৬.০ এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তি:

৬.৫ এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণ করতে হবেঃ

৬.১ সার্বিকভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনার অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন বিশেষ করে আয় বৈষম্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতিসহ দারিদ্র্য নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন, মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, স্বাস্থ্য ও জনসংখ্যা), কৃষি, শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি, নগর উন্নয়ন, বিদ্যুৎ, জ্বালানী ও অবকাঠামো উন্নয়ন, আইসিটি উন্নয়ন, পানি ও পয়ঃনিষ্কাশন উন্নয়ন, জেন্ডার সমতা, আয় বৈষম্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশগত টেকসই, জেন্ডার সংবেদনশীল ও ঝুঁকি সচেতনতা বৃদ্ধি ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে;

৬.২ প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বিবেচনায় নিয়ে মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) এবং আগামী অর্থ বছরের প্রক্ষেপণ বিবেচনায় নিয়ে নতুন প্রকল্পের প্রস্তাব করতে হবে;

৬.৩ সম্ভাব্যতা সমীক্ষা অথবা প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে এমন প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং যে সকল বিনিয়োগ প্রকল্পে ভূমি অধিগ্রহণ জড়িত সে সকল প্রকল্প পৃথকভাবে প্রস্তাব করতে হবে; ভূমি অধিগ্রহণ নিশ্চিত/সম্পন্ন হলে মূল প্রকল্প প্রস্তাব করা যাবে;

৬.৪ এসডিজি এর অভিষ্ট (goals) এবং লক্ষ্যমাত্রা (targets) অর্জনকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং এক্ষেত্রে বাংলাদেশ পরিকল্পনা কমিশন কর্তৃক Monitoring and Evaluation Framework of Sustainable Development Goals (SDG):Bangladesh Perspective প্রতিবেদনটি অনুসরণ করা যেতে পারে।

৬.৬ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার Allocation of Business বিবেচনাপূর্বক নতুন প্রকল্পের প্রস্তাব করতে হবে। কোন নির্দিষ্ট এলাকায়/অঞ্চলে এক বা একাধিক সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে এবং এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

৬.৭ উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে এবং Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)-এ বর্ণিত থিমেটিক এরিয়া ও প্রোগ্রামের সাথে গৃহীত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে;

৬.৮ যে সকল প্রকল্প প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭ (সংশোধনীসহ) এবং প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬.৯ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৬.১০ ব-দ্বীপ পরিকল্পনায় (Delta-Plan) অন্তর্ভুক্তির ক্ষেত্রে চিহ্নিত প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করা হবে;

৬.১১ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সফটওয়্যার শিল্প ও তথ্য প্রযুক্তি সেবা বিকাশের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিমূলক প্রকল্প গ্রহণে বিশেষ গুরুত্ব দিতে হবে;

৬.১২ সরকারি বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে প্রকল্প গ্রহণ/বাস্তবায়নে গুরুত্ব প্রদান করতঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৩০% প্রকল্প পিপিপিতে নেয়ার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে উদ্যোগ গ্রহণ করতে হবে। যে সকল প্রকল্পের ব্যয় সম্পূর্ণ বা আংশিকভাবে সেবা গ্রহণকারীর নিকট হতে ফেরত পাওয়া সম্ভব সে সকল প্রকল্প পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের প্রচেষ্টা নিতে হবে। বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৬.১৩ সরকারি বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে/উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক (Link Project) নতুন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

৬.১৪ সড়ক, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল নির্মাণসহ যেকোন ধরণের আবাসিক/অনাবাসিক ভবন, ভৌত ও নির্মাণধর্মী প্রকল্প গ্রহণে কৃষি জমির ব্যবহার যথাসম্ভব পরিহার করতে হবে, আনুভূমিক প্রশস্ততার পরিবর্তে বহুতল মাল্টিপারপাস ভবন তৈরী করতে হবে এবং জমির ব্যবহার ন্যূনতম পর্যায়ে রাখতে হবে। নতুন প্রকল্প গ্রহণের সময় যথাসম্ভব ইতোপূর্বে অধিগ্রহণকৃত কিন্তু অব্যবহৃত জমি (অন্য মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন হলেও) কিংবা খাস জমি ব্যবহারের প্রস্তাব করতে হবে;

৬.১৫ ২০২০-২১ অর্থ বছরের এডিপি/আরএডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহ ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। জাতীয় অগ্রাধিকার (সর্বোচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার ও কম অগ্রাধিকার) ও সম্পদের সীমাবদ্ধতা বিবেচনাপূর্বক যৌক্তিকতাসহ নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য পুনঃ প্রস্তাব করতে হবে;

৬.১৬ নতুন অননুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের ডিপিপি/টিএপিপি অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে রয়েছে এমন (অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ইত্যাদি) প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে;

৬.১৭ যেসব প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়নি সেসব প্রকল্প পুনরায় অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে।

## ৭.০ বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প:

বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প এডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

## ৮.০ ২০২১-২২ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:

যেসব প্রকল্প ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্প ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে সম্ভাব্য সমাপ্য সকল প্রকল্পের তালিকা AMS এ সঠিকভবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে।

## ৯.০ সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প সংক্রান্ত তথ্য:

সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২১-২২ অর্থ বছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা এডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ঘ-১' ও সংক্ষিপ্ত সার ছক 'ঘ-২' অনুসারে প্রচলিত নিয়মে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপিসহ)।

## ১০.০ ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রণয়নের লক্ষ্যে তথ্যাবলি প্রেরণে অনুসরণীয় সময়সূচি:

| | তথ্যের বিবরণ | তারিখ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | প্রকল্প বাস্তবায়নকারী সকল সংস্থা এডিপি'র জন্য নির্ধারিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক হার্ডকপি ও আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে | ২১.০৩.২০২১ | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা |
| ২ | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত এডিপির তথ্য সকল মন্ত্রণালয়/বিভাগ উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে হার্ডকপি ও আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে | ২৫.০৩.২০২১ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ |
| ৩ | মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত এডিপি'র প্রস্তাব পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ এডিপি প্রণয়ন নির্দেশিকার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারি বরাদ্দ নির্ধারণপূর্বক সকল তথ্য আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে এবং প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প) এর হার্ডকপিও কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ০১.০৪.২০২১ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ |

১১.০ উপর্যুক্ত নির্দেশাবলি (অনুচ্ছেদ ১-৯) এবং অনুচ্ছেদ-১০ এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র জন্য যাচিত তথ্যাদি আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে (adp.plancomm.gov.bd) এবং প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি, জেডিসিএফ ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প) এর হার্ডকপিও প্রচলিত নিয়মে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২২.০৩.২১

মোহাম্মদ জয়নুল বারী
সদস্য
কার্যক্রম বিভাগ

**সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব**

**------------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।**

**-------------------------------------------------------**

নং- ২০.০৬.০০০০.৬১২.০০.১৬৩.২১ - ৮০

তারিখঃ ২৮ ফাল্গুন, ১৪২৭ / ২২ মার্চ, ২০২১

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:</u>**

১। সদস্য, ........................................................................ পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২। প্রধান, ........................................................................ পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩। যুগ্ম-প্রধান (সংশ্লিষ্ট), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং- ২০.০৬.০০০০.৬১২.০০.১৬৩.২১ - ৮০

তারিখঃ ২৮ ফাল্গুন, ১৪২৭ / ২২ মার্চ, ২০২১

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:</u>**

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ----------

----------------------------------------------------------------------------------------------------------।

২২/০৩/২২

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯২৩
E-mail : shimulsaha30@gmail.com

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪। সিনিয়র সচিব/সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

২২/০৩/২২

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯২৩
E-mail : shimulsaha30@gmail.com

ছক-'ক'

# ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ/প্রধান কর্মসূচি)

**সেক্টরঃ**

**সাব-সেক্টরঃ**

(লক্ষ টাকায়)

<table>
<tr><td rowspan="3">ক্রমিক নং</td><td rowspan="3">প্রকল্পের নাম (বাস্তবায়নকাল)</td><td rowspan="3">অনুমোদনের পর্যায়</td><td colspan="2">প্রকল্পের ব্যয়</td><td colspan="2">২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ</td><td colspan="2">২০২০-২১ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয়</td><td colspan="2">২৮ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়</td><td colspan="7">২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ</td><td rowspan="3">প্রকল্প সাহায্যের উৎস</td></tr>
<tr><td rowspan="2">মোট (বৈঃ মুদ্রা)</td><td rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</td><td rowspan="2">মোট</td><td rowspan="2">টাকা</td><td rowspan="2">মোট (বৈঃ মুদ্রা)</td><td rowspan="2">টাকা</td><td rowspan="2">মোট</td><td rowspan="2">টাকা</td><td rowspan="2">মোট</td><td rowspan="2">টাকা (রাজস্ব)</td><td colspan="2">ব্যয় খাত</td><td rowspan="2">আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ</td><td rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</td><td rowspan="2">অন্যান্য</td></tr>
<tr><td>মূলধন (টাকাংশ)</td><td>রাজস্ব</td></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td><td>১১</td><td>১২</td><td>১৩</td><td>১৪</td><td>১৫</td><td>১৬</td><td>১৭</td><td>১৮</td><td>১৯</td></tr>
</table>

**চলতি প্রকল্পঃ**

**নতুন প্রকল্পঃ**

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

ছক-‘খ’

# ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (কারিগরি সহায়তা)

**সেক্টরঃ**

**সাব-সেক্টরঃ**

**(লক্ষ টাকায়)**

<table>
<tr><th rowspan="3">ক্রমিক নং</th><th rowspan="3">প্রকল্পের নাম (বাস্তবায়নকাল)</th><th rowspan="3">অনুমোদনের পর্যায়</th><th colspan="2">প্রকল্পের ব্যয়</th><th colspan="2">২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ</th><th colspan="2">২০২০-২১ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয়</th><th colspan="2">২৮ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়</th><th colspan="7">২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ</th><th rowspan="3">প্রকল্প সাহায্যের উৎস</th></tr>
<tr><th rowspan="2">মোট (বৈঃ মুদ্রা)</th><th rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট (বৈঃ মুদ্রা)</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা (রাজস্ব)</th><th colspan="2">ব্যয় খাত</th><th rowspan="2">আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ</th><th rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</th><th rowspan="2">অন্যান্য</th></tr>
<tr><th>মূলধন (টাকাংশ)</th><th>রাজস্ব</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td><td>১১</td><td>১২</td><td>১৩</td><td>১৪</td><td>১৫</td><td>১৬</td><td>১৭</td><td>১৮</td><td>১৯</td></tr>
</table>

**চলতি প্রকল্পঃ**

**নতুন প্রকল্পঃ**

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

ছক-'গ'

## ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে)

**সেক্টরঃ**

**সাব-সেক্টরঃ**

**(লক্ষ টাকায়)**

<table>
<tr><th rowspan="3">ক্রমিক নং</th><th rowspan="3">প্রকল্পের নাম (বাস্তবায়নকাল)</th><th rowspan="3">অনুমোদনের পর্যায়</th><th colspan="2">প্রকল্পের ব্যয়</th><th colspan="2">২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ</th><th colspan="2">২০২০-২১ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয়</th><th colspan="2">২৮ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়</th><th colspan="7">২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ</th><th rowspan="3">প্রকল্প সাহায্যের উৎস</th></tr>
<tr><th rowspan="2">মোট (বৈঃ মুদ্রা)</th><th rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট (বৈঃ মুদ্র)</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা</th><th rowspan="2">মোট</th><th rowspan="2">টাকা (রাজস্ব)</th><th colspan="2">ব্যয় খাত</th><th rowspan="2">আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ</th><th rowspan="2">প্রকল্প সাহায্য (টাকাংশ)</th><th rowspan="2">অন্যান্য</th></tr>
<tr><th>মূলধন (টাকাংশ)</th><th>রাজস্ব</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td><td>১১</td><td>১২</td><td>১৩</td><td>১৪</td><td>১৫</td><td>১৬</td><td>১৭</td><td>১৮</td><td>১৯</td></tr>
</table>

**চলতি প্রকল্পঃ**

**নতুন প্রকল্পঃ**

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

ঘ-১

## ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
সাব-সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

**২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার**

১। মন্ত্রণালয়/বিভাগের নাম :

২। বাস্তবায়নকারী সংস্থা :

৩। সেক্টর :

৪। সাব-সেক্টর :

৫। প্রকল্পের নাম : বাংলায় -

ইংরেজীতে-

৬। বাস্তবায়নকাল :

৭। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : মোট-

স্থানীয় মুদ্রা-

বৈদেশিক মুদ্রা-

৮। অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) : মোট-

উদ্যোক্তা -

জিওবি (in kind)

৯। প্রকল্পের প্রধান উদ্দেশ্য :

১০। প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ :

১১। প্রকল্প এলাকা :

কর্মকর্তার স্বাক্ষর ও
নামঃ

তারিখঃ
সীল